আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। প্রতিবছরের ন্যায় এ বছরেও আজ মঙ্গলবার ৩০ জুলাই হতে ৫ আগষ্ট জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদযাপিত হবে। এ উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

”ভরবো মাছে মোদের দেশ,গড়বো স্মার্ট বাংলাদেশ” এই স্লোগান বাস্তবায়নই এ বছরের মৎস্য সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয় সামনে রেখে মৎস্য সপ্তাহ পালিত হবে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে জাতীয় মৎস্য সপ্তাহ পালনে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আঁখি জানান,মাইকিং এর মাধ্যমে প্রচারণা, সড়ক র্যালি, উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা, স্থানীয় পর্যায়ে সফল মাছচাষী ব্যক্তি, উদ্যোক্তা, প্রতিষ্ঠানকে মৎস্য পুরস্কার প্রদান, উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে মাছ অবমুক্ত করণ, প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষী ও মৎসজীবিদের সাথে মতবিনিময়, মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পানির ভৌত রাসায়নিক পরীক্ষা, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি সাফল্য বিষয় নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন, উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা ছাড়া, জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠিত হবে।

মতবিনিময়ে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আঁখি, অফিস সহকারী মোঃ বেলাল হোসেন, ক্ষেত্র সহকারী এন এ টি পি মোঃ হাবিবুর রহমান, লিফ মোঃ মারুফুল বিশ্বাস অরুপ, আলমডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি খোন্দকার শাহ আলম মন্টু, সহ সভাপতি খোন্দকার জামসিদুল হক মুনি, সাধারণ সম্পাদক খোন্দকার হামিদুল ইসলাম আজম, যুগ্ম সাধারণ সম্পাদক তানভীর সোহেল,সহ সাংগঠনিক সম্পাদক মোঃ বশিরুল আলম ও ক্রীড়া সম্পাদক গোলাম সরওয়ার সদু প্রমূখ

অনলাইন ভিত্তিক সংগঠন ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশনে’র মতবিনিময় সভা অনুষ্ঠিত

আঞ্চলিক ভাষা রক্ষার দৃঢ় প্রত্যয় নিয়ে আজ শনিবার সকালে ঝিনাইদহের অনলাইন ভিত্তিক জনপ্রিয় সংগঠন “ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশন” এর এক সভা ও গ্রুপ ক্রিয়েটর আমেরিকা প্রবাসি তরিকুল ইসলাম মিঠুর সংর্বধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহ জোহান ড্রিম ভ্যালি পার্কে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সিনিয়র সাংবাদিক আসিফ ইকবাল কাজল।

দুই দিন ব্যাপী এই সংর্বধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা ঝিনাইদহ চেম্বারের ভারপ্রাপ্ত সভাপতি ও বিশিষ্ট শিল্প উদ্যোক্তা জোহান ড্রিম ভ্যালির মালিক মোঃ মোয়াজ্জেম হোসেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সংগঠনের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম মিঠু, সাইফুল ইসলাম লিকু, মাসুদ রানা, ফিরোজা জামান আলো, মোরশেদ আলম, নাজমুল হাসান সবুজ, সাইদুল ইসলাম টিটো, মহাব্বত আলী, নিপা জামান, সুরভি ইসলাম, আশরাফুল ইসলাম, জাম্মিম সবুজ, কবি ও সাহিত্যিক এমদাদ শুভ্র, মেহেদী হাসান সুমন, শরিফুল ইসলাম, মেহেদী হাসান মেন্দি ও আনিছুর রহমান প্রমুখ। অনুষ্ঠানে পরিচালনা করেন আঞ্চলিক ভাষার গবেষক ও বিশিষ্ট ব্যাংকার এনামুল হক।

প্রধান অতিথির বক্তৃতায় ঝিনাইদহ চেম্বারের ভারপ্রাপ্ত সভাপতি মোঃ মোয়াজ্জেম হোসেন বলেন, জেলার আঞ্চলিক ভাষা আমাদের প্রাণ। শিশুকাল থেকে আমরা মায়ের ভাষা রপ্ত করে আঞ্চলিকতা প্রাধান্য দিয়ে আসছি। ঝিনেদার আঞ্চলিক ভাষা চার্চার মাধ্যমে এই ভাষাকে সমুন্নত রাখতে সংগঠনটি প্রধান ভুমিকা পালন করে যাচ্ছে। তিনি নিজ নিজ সন্তানদেরকে আঞ্চলিক ভাষা শেখানোর পাশাপাশি তাদের আদার ও শাসন করার তাগিদ দেন।

সংর্বধনার জবাবে গ্রুপ ক্রিয়েটর ও সংগঠনের সাধারণ সম্পাদক আমেরিকা প্রবাসি তরিকুল ইসলাম মিঠু বলেন, বিশ^ব্যাপী আঞ্চলিক ভাষা ছড়িয়ে দেওয়ার এক যুগ সন্ধিক্ষনে এই সংগঠনটির আত্মপ্রকাশ ঘটে। “ঝিনেদার আঞ্চলিক ভাষা ফাউন্ডেশন” এখন অনেক বড় একটি অনলাইন ভিক্তিক প্লাটফর্ম।

অনুষ্ঠানের সভাপতি সিনিয়র সাংবাদিক আসিফ ইকবাল কাজল বলেন, ঝিনাইদহের ভাষা মিষ্টি ও মধুর। এই ভাষায় রয়েছে মাটির টান। আমরা জেলার আঞ্চলিকা ভাষা হারিয়ে যেতে দেব না। নিয়মিত নিজের সন্তানকে এই ভাষা শিখিয়ে আঞ্চলিকতাকে পুর্নতা দিতে বদ্ধপরিকর। অনুষ্ঠান শেষে অতিথিদের ক্রেষ্ট ও ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

মেহেরপুরে কিশোর গ্যাং ও কিশোর অপরাধ প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা

মেহেরপুরে কিশোর গ্যাং ও কিশোর অপরাধ প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) আয়োজিত আজ বৃহস্পতিবার (১৮ জুলাই) সকাল ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হল রুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ঢাকা কিশোর অপরাধ প্রতিরোধ-কনসোর্টিয়ামের (এসিপি) সহযোগিতায় মতবিনিময় সভার সভাপতিত্ব করেন আমঝুপি ইউনিয়ন কমিউনিটির ওয়াচ গ্রুপের সহ-সভাপতি মোঃ আব্দুর রকিব।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আনারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম, মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান মোঃ আসাদুজ্জামান সেলিম প্রমুখ

উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, আউট আব স্কুল চিলড্রেন এডুকেশন এর ডিপিএম সাদ আহম্মেদ, মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা খাতুন, সহকারী এডমিন অফিসার হালিমা খাতুন ডলি, সুপারভাইজার সুমাইয়া খাতুন, সহকারী প্রোগ্রাম অফিসার চাঁদতারা সূর্য প্রমুখ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার নির্বাচিত জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি ও স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তিবর্গের সাথে আইন শৃঙ্খলা পরিস্থিতি, বাল্যবিবাহ, যৌতুক, আত্মহত্যা, ডেঙ্গু, জঙ্গিবাদ বিরোধী কার্যক্রম, মানসম্মত শিক্ষা, জনসেবা এবং দুর্নীতি বিরোধী কর্মসূচি নিশ্চিতকরণ বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৫ জুলাই) সকালে সদর উপজেলার কালীচরণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ মতবিনিময় সভার আয়োজন করে সদর উপজেলা প্রশাসন।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, স্থানীয় চেয়ারম্যান জাহাঙ্গীর আলম ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলেয়া খাতুনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

দামুড়হুদায় দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার প্রতিনিধিদের সমন্বয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার দুপুর ৩টার সময় সকালের খোঁজখবর পত্রিকার আয়োজনে দামুড়হুদা আবাসিক হোটেল এন্ড কমিউনিটি সেন্টারে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পত্রিকার প্রকাশক ও সম্পাদক হারুনার রসিদ পান্না, প্রধান আলোচক ছিলেন দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক সোহেল রানা।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিবেদক মোজাম্মেল শিশির, দৈনিক পচিমঞ্চল প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতাসহ উপস্থিত ছিলেন আমন্ত্রিত অতিথি বৃন্দ ও বিভিন্ন অঞ্চল থেকে আগত প্রতিনিধি বৃন্দ।

অনুষ্ঠানে প্রধান আলোচক দৈনিক সকালের খোঁজ খবর পত্রিকা’র ভারপ্রাপ্ত সম্পাদক সোহেল রানা বলেন, আপনারা সাংবাদিক জাতির বিবেক, আপনাদের সকলের কাছ থেকে বস্তুনিষ্ঠ সংবাদ আশা করি। কোন ভুল ভাল সংবাদ পরিবেশন করবেন না। দৈনিক সকালের খোঁজখবর পত্রিকায় এক সময় আমি আপনাদের মতো প্রতিনিধি হিসেবে কাজ করেছি। আজ আমি ভারপ্রাপ্ত সম্পাদকের দায়িত্ব পালন করছি। আপনাদের সবার আন্তরিকতা থাকলে সকালের খোঁজখবর পত্রিকা এক সময় জনপ্রিয়তার শীর্ষে অবস্থান করবে। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কুরআন থেকে তেলওয়াত করেন অত্র

পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি জাহাঙ্গীর আলম মানিক।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দৈনিক পচিমাঞ্চল পত্রিকার দর্শনা প্রতিনিধি চঞ্চল মেহমুদ।

ঝিনাইদহে শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীর অভিভাবকদের মতবিনিময় সভা

ঝিনাইদহে শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাবকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শিক্ষার গুণগত মান উন্নয়ন এর মাধ্যমে শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করা এবং মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত নিম্ন ও নিম্নবিত্ত পরিবারের শিক্ষার্থীদের বিদ্যালয়ে দেয়া পাঠ আয়ত্ব করতে সহায়তা করার লক্ষ্যে বেসরকারী উন্নয়ন সংস্থা ‘আশা’ কর্তৃক দেশব্যাপী ৬৪টি জেলায় ৬ষ্ঠ-৮ম শ্রেণীর পাঠদান কর্মসূচি পরিচালিত হয়ে আসছে। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার আশা-নারিকেলবাড়িয়া ব্রাঞ্চের উদ্যোগে সদর উপজেলার নারিকেলবাড়িয়া জয়নাল আবেদীন মাধ্যমিক বিদ্যালয়ের আশার শিখন সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাকদের নিয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও ঘোড়শাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আশার জেলার সিনিয়র ড্রিস্ট্রিক্ট ম্যানেজার মোঃ হাফিজুর রহমান, সিনিয়র রিজিওনাল ম্যানেজার মোঃ সাজ্জাদ হোসেন, এডুকেশন অফিসার মোঃ রকিবুল হাসান ও নারিকেলবাড়িয়া ব্রাঞ্চের বিএম কাইয়ুম হোসেনসহ বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকবৃন্দ।

উল্লেখ্য, যে আশা সংস্থা কর্তৃক ২০১১ সাল থেকে শিক্ষা কর্মসূচি

চলমান রয়েছে। বর্তমানে শিশু-৮ম শ্রেণির আওতায় প্রায় ৫ লাখ শিক্ষার্থী শিখন সহায়তা পাচ্ছে। এর মধ্যে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীর আওতায় দেশের ৬৪টি জেলার ৬৪টি মাধ্যমিক বিদ্যালয়ের ১৯২টি শিক্ষা কেন্দ্রের প্রায় ৫ হাজার ৫’শ ৫৩ জন শিক্ষার্থীরা এই সহযোগিতা পেয়ে আসছে।

চুয়াডাঙ্গায় পেট্রোল পাম্প মালিকদের সাথে পুলিশ সুপারের মতবিনিময় সভা

সড়কে শৃঙ্খলা ফেরাতে অনাকাঙ্ক্ষিত মৃত্যু এড়াতে চুয়াডাঙ্গায় নো হেলমেট নো ফুয়েল’নীতি কার্যকর করতে জেলার পেট্রোল পাম্প মালিকদের সাথে পুলিশ সুপারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে আজ বিকাল তিনটার সময় জেলার পেট্রোল পাম্প মালিক এবং মালিক সমিতির কার্যনির্বাহী কমিটি সদস্যবৃন্দের সাথে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা।

মতবিনিময় সভায় সড়কে শৃঙ্খলা ফেরাতে এবং সড়ক দূর্ঘটনা প্রতিরোধ মোটরসাইকেল চালক ও আরোহীর হেলমেট ব্যবহার না করলে (No Helmet, No Fuel) কোনো পাম্প থেকে তেল না দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সড়ক দুর্ঘটনায় “অনাকাঙ্খিত মৃত্যু” এড়াতে আদরের সন্তান ভাইয়ের সড়ক দুর্ঘটনা রোধে মোটর সাইকেল চালানোর সময় হেলমেট ব্যবহার করতে অভিভাবকদের উদ্যোগী হওয়ার পরামর্শ প্রদান করেন।পরিশেষে, তিনি জেলার সকল পেট্রোল পাম্প মালিকদের ‘নো হেলমেট, নো ফুয়েল’নীতি কার্যকর করতে ঐক্যবদ্ধ সহযোগীতা কামনা করেন।

উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ, সকল অফিসার ইনচার্জগন,ডিআইও-১, ডিএসবি এবং বাংলাদেশ জ্বালানী তেল ও ট্রাংকলরী মালিক সমিতি চুয়াডাঙ্গা শাখার সভাপতি হাবিল হোসেন জোয়ার্দ্দার (স্বত্বাধিকারী মেসার্স ইমরান ফিলিং স্টেশন) সেক্রেটারী এমএম তাছলিম আরিফ বাবু জোয়ার্দ্দার(স্বত্বাধিকারী চুয়াডাঙ্গা ফিলিং স্টেশন) সিনিয়র সহ-সভাপতি মাসুদুর রহমান শ্যামল (স্বত্বাধিকারী জীবননগর ফিলিং স্টেশন) সহ-সভাপতি জনাব হাসিবুর রহমান (স্বত্বাধিকারী সীমান্ত পেট্রোলিয়াম) সহ জেলার বিভিন্ন পাম্পের মালিক পক্ষগণ ও তাদের প্রতিনিধিগণ।

মেহেরপুর সদরে চেয়ারম্যান প্রার্থী আনারুল ইসলামের নির্বাচনী মতবিনিময় সভা

আসন্ন সদর উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী আনারুল ইসলামের মটরসাইকেল মার্কার সমর্থনে নির্বাচনী মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের ৭ নং ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে আজ বৃহস্পতিবার (২ মে) বিকেলে আশরাফপুর বাজারে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

৭ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মনোরদ্দীন মনোর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বাড়াদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন শহর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল।

সম্মানিত বক্তা হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদ নির্বাচনে

চেয়ারম্যান আনারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে ইউপি চেয়ারম্যান শাহ জামান, সেলিম রেজা, মতিউর রহমান, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম। আমঝুপি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নুর ছেলে সেলিম রেজা উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় শহর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক হায়দার আলী, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল আক্তার, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এইচ এম আলমগীর হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, জেলা ছাত্র লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক জাব্বারুল ইসলাম, জেলা ছাত্র লীগের দপ্তর সম্পাদক ইব্রাহিম হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় উপজেলা নির্বাচনের প্রার্থীদের সাথে নির্বাচন কমিশনারের মতবিনিময় সভা

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের সাথে আচরণ বিধি ও অন্যান্য বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) আহসান হাবিব চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে গতকাল সোমবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলা নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা ও নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থী গনের সঙ্গে মতবিনিময় সভা

করেন।

নির্বাচন কমিশনার আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য করতে চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের সাথে উন্মুক্ত আলোচনা করেন। উপস্থিত নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের বক্তব্য শোনেন এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বিভিন্ন আবেদন আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন আইন যথাযথভাবে মেনে চলার প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।

সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা, কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজা, ঝিনাইদহের জেলা প্রশাসক এস.এম. রফিকুল ইসলাম, মেহেরপুরের জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

এসময় উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার সহ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা, বিজিবি, র্যাব ও আনসার বাহিনীর কর্মকর্তাগণসহ জেলা প্রশাসন ও চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন অফিসার ও নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ।